

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সংস্থাপন শাখা-১
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩।
www.pwd.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর ২৫.৩৬.০০০০.২১১.১২.১১০.১৬- ১৭২৬

তারিখঃ ২৬/০৫/১৪২৩ বঙ্গাব্দ
৩১/০৬/ ২০১৬খ্রিঃ

বিষয়ঃ- ২০১৬ খ্রিঃ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ- ১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং- ২৫.০০.০০০০.০১৫.২৫.০০১.১৯৯৭-১১৬৪ তাং-১৮/০৮/২০১৬খ্রিঃ
২। বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.১০৪.০৩৯.০০.০৬.২য়.২০১৬/৯৩ তারিখ ০৮/০৮/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের ২০১৬খ্রিঃ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৬ মাসে অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন হতে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। অনুষ্ঠিতব্য পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের কর্মকর্তাগণকে Online-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (hard copy) মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারি কর্মকমিশন সচিবালয়ে পৌছাতে হবে। পূর্বে প্রার্থীগণ ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিটি ডাইনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়ে এবং প্রদত্ত তথ্য ও নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। Online এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে e-mail: bpscsupport@promiti.com-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত ওয়েব সাইটে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন Form পূরণ ও Online কার্যক্রম আগামী ২৮/০৯/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে।

এমতাবস্থায়, দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর/ ২০১৬ এ অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের সহকারী প্রকৌশলী (সিভিল) ও (ই/এম) কর্মকর্তাগণকে শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে উল্লিখিত তারিখের পূর্বেই Online-এ আবেদনপত্র দাখিল করার জন্য প্রার্থীগণকে পরামর্শ দেয়া হলো এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ের মাধ্যমে যথাসময়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে পৌছানোর কাজে সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। আবেদন ফরমে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে এবং দুই ফর্দে প্রেরণ করতে হবে। Online এ দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) আগামী ১৫/০৯/২০১৬খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর মাধ্যমে পৌছাতে হবে।

(মোঃ নজিবুর রহমান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ- ৯৫৬০৯৯৯

e-mail: se_est@pwd.gov.bd

নম্বর ২৫.৩৬.০০০০.২১১.১২.১১০.১৬- ১৭২৬ (১২)

তারিখঃ ২৬/০৫/১৪২৩ বঙ্গাব্দ
৩১/০৬/ ২০১৬ খ্রিঃ

সংশ্লিষ্ট সকলকে অবহিত করণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস. সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

(হাসনাত সাবরিনা)

নির্বাহী প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ- ৯৫৬০৬৬৮

e-mail: ee_est@pwd.gov.b